

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	ড. মহিউদ্দীন আহমেদ সচিব
সভার তারিখ	২৭-০৩-২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ এবং যুব উদ্যোক্তা, সুবিধাভোগী ও ক্রীড়া সংগঠক সভাকক্ষ/ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (যুব) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথমে শুদ্ধাচার বিষয়ক একটি প্রতিবেদন উপস্থাপন করেন এবং পরবর্তীতে আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম '১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা' অনুযায়ী অদ্যকার এ সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। সভায় মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রদত্ত বিভিন্ন কার্যক্রম/সেবা প্রদান/সেবা গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৩। মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পাশাপাশি যুব উদ্যোক্তা, সুবিধাভোগী ও ক্রীড়া সংগঠকগণ সভায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত করণীয় বিষয়ে তাঁদের মতামত উপস্থাপন করেন। জনাব রিপা খাতুন, যুব উদ্যোক্তা, রাজশাহী যুবদের তৈরি পণ্য বিক্রির জন্য একটি প্লাটফর্ম তৈরির বিষয় বিবেচনার জন্য অনুরোধ জানান। জনাব মোছাঃ তাহমিনা শিরীন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, রংপুর স্থানীয় চাহিদার ভিত্তিতে তার এলাকায় দুগ্ধজাত পণ্য উৎপাদনের প্রশিক্ষণ ট্রেড চালু করার অনুরোধ জানান। জনাব বদরুল আলম, ক্রীড়া সংগঠক, সিলেট বিভিন্ন ইভেন্টে ক্রীড়া প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধির জন্য অনুরোধ জানান। এছাড়া, জেলা ক্রীড়া অফিসার, খুলনা সভাকে অবহিত করেন যে ক্রীড়া সংক্রান্ত প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী প্রয়োজনের তুলনায় অপ্রতুল। তাই ক্রীড়া প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী বৃদ্ধি করা প্রয়োজন। সভায় মতামত প্রদানের সুযোগ দেয়ায় যুব উদ্যোক্তা, সুবিধাভোগী ও ক্রীড়া সংগঠকগণ সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সার্বিক কর্মকান্ডে তারা সন্তোষ প্রকাশ করেন। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) যুবদের তৈরি পণ্য বিক্রির জন্য একটি প্লাটফর্ম তৈরি করা যায় কিনা, এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বিবেচনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;

- খ) স্থানীয় চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের ড্রেড নির্ধারণের বিষয়টি যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বিবেচনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়; এবং
- গ) বিভিন্ন ইভেন্টে ক্রীড়া প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি ও ক্রীড়া সামগ্রীর পরিমাণ বৃদ্ধির বিষয়টি ক্রীড়া পরিদপ্তর কর্তৃক বিবেচনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মহিউদ্দীন আহমেদ
সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.০৫.০০২.২৩.২২

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০

০১ এপ্রিল ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (প্রোড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৪) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৫) যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা।
- ৮) উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
- ১১) সিনিয়র সহকারী সচিব(সকল)/সহকারী সচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১২) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৪) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫) প্রশাসনিক কর্মকর্তা (সকল)/ব্যক্তিগত কর্মকর্তা(সকল)/সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।



মোঃ ফজলে এলাহী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)